সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/১১২

তারিখঃ ২৫মে, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আজহা উপলক্ষ্যে ব্যাংকিং কার্যক্রম চলমান রাখা প্রসঙ্গে।**

**সূত্র ঃ** বাংলাদেশ ব্যাংকের ডিওএস সার্কুলার লেটার নং-০৮, তারিখঃ ২৫/০৫/২০২৫

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিজিএমইএ'র অনুরোধের প্রেক্ষিতে আসন্ন ঈদ-উল-আজহা এর পূর্বে ০৫ জুন ২০২৫ এবং ঔষধ শিল্প খাতসহ আমদানি ও রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান/গ্রাহকদের গুরুত্বপূর্ণ ও বৈদেশিক লেনদেন সম্পাদনের লক্ষ্যে ১১ জুন ও ১২ জুন ২০২৫ তারিখ বুধবার ও বৃহস্পতিবার সরকারি ছুটির দিন নির্ধারিত সময়সূচি অনুয়ায়ী সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে মর্মে বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত সার্কুলার জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

২৫/৫/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব



BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

CamScanner

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন


ডিওএস সার্কুলার লেটার নং-০৮

তারিখ : ১১ জ্যৈষ্ঠ ১৪৩২
২৫ মে ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**০৫ জুন ২০২৫ এবং ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ সরকারি ছুটির দিন সীমিত পরিসরে তফসিলি ব্যাংক খোলা রাখা প্রসঙ্গে**

প্রিয় মহোদয়,

আসন্ন ঈদ-উল-আজহা এর পূর্বে তৈরি পোশাক শিল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি বিল বিক্রয়ের এবং উক্ত শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্পের লেনদেনে সংশ্লিষ্ট এলাকার বাণিজ্যিক ব্যাংকের শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করে ০৫ জুন ২০২৫ তারিখ বৃহস্পতিবার সরকারি ছুটির দিন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

| তারিখ | অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|---|
| ০৫ জুন ২০২৫<br>বৃহস্পতিবার | সকাল ১০:০০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ০৪:০০ ঘটিকা পর্যন্ত | সকাল ১০:০০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ০২:০০ ঘটিকা পর্যন্ত। |

২। ঔষধ শিল্প খাতসহ আমদানি ও রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান/গ্রাহকদের গুরুত্বপূর্ণ ও বৈদেশিক লেনদেন সম্পাদনের লক্ষ্যে ১১ জুন ২০২৫ ও ১২ জুন ২০২৫ তারিখ বুধবার ও বৃহস্পতিবার সরকারি ছুটির দিন ব্যাংকের স্বীয় বিবেচনায় ঢাকা, চট্টগ্রাম ও অন্যান্য গুরুত্বপূর্ণ বাণিজ্যিক এলাকার অথরাইজড ডিলার (এডি) শাখা সীমিত পরিসরে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খোলা থাকবে:

| তারিখ | অফিস সময়সূচি | লেনদেনের সময়সূচি |
|---|---|---|
| ১১ জুন ২০২৫ ও<br>১২ জুন ২০২৫<br>বুধবার ও বৃহস্পতিবার | সকাল ১০:০০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ০৪:০০ ঘটিকা পর্যন্ত | সকাল ১০:০০ ঘটিকা হতে<br>অপরাহ্ণ ০২:০০ ঘটিকা পর্যন্ত। |

৩। ছুটির দিনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক ভাতাদি প্রাপ্য হবেন।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ বায়েজীদ সরকার)
পরিচালক (ডিওএস)
ফোন: ৯৫৩০০৯৩

CamScanner